

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ মার্চ ২০২৩খ্রি.

সাম্প্রদায়িকতা রুখতে চাই সম্প্রীতির ঐক্য: মেয়র

সাম্প্রদায়িকতামুক্ত বাংলাদেশ গড়তে সব ধর্মের মানুষদের মধ্যে সম্প্রীতির ভিত্তিতে ঐক্য চান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।  
রোববার “রাণী রাসমনি বারুণী স্নানঘাটে” মহাতীর্থ বারুণী স্নান উৎসব ও মেলায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, বাংলাদেশে সব ধর্মের মানুষ তার ধর্ম পালনে পূর্ণ স্বাধীনতা ভোগ করছে। বঙ্গবন্ধু বাংলাদেশের প্রথম সংবিধানে অসাম্প্রদায়িকতাকে রাষ্ট্রের মূলনীতি হিসেবে প্রতিষ্ঠার সুফল পাচ্ছে আমরা।  
“তবে স্বাধীনতা বিরোধী শক্তি দেশের এই সম্প্রীতির পরিবেশ নষ্ট করতে তৎপর। আমাদের সবাইকে মিলে এই অসুর শক্তিকে দমন করে অসাম্প্রদায়িক বাংলাদেশ রক্ষার সংগ্রামে शामिल হতে হবে।” এসময় উৎসবে উপস্থিত ওয়ার্ড কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জু এবং মোহাম্মদ ইসমাইল। সে সময় তাঁরা এলাকার উন্নয়ন কর্মকাণ্ডের বিবরণ এবং বিভিন্ন সমস্যা সম্পর্কে মেয়রকে অবহিত করেন। মেয়র কাউন্সিলরবৃন্দকে সনাতন ধর্মাবলম্বীদের বারুণী স্নান উৎসবের জন্য স্থায়ী ঘাট নির্মাণে সহযোগিতা করার আশ্বাস দেন। আরো উপস্থিত ছিলেন সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নান উদযাপন পরিষদের সভাপতি ডা. বিজন কান্তি নাথ ও সাধারণ সম্পাদক মিলন কান্তি দাশসহ সদস্যবৃন্দ।

বঙ্গবন্ধুর আদর্শে জীবন গড়ো, শিক্ষার্থীদের চসিক মেয়র

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে উজ্জীবিত হয়ে সোনার বাংলা গড়ার লড়াইয়ে সামিল হতে শিক্ষার্থীদের আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।  
রোববার সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মেয়র এ আহ্বান জানান।  
প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, পাঠ্য পুস্তক পড়ে ভাল ফলাফল করা যায় কিন্তু প্রকৃত জ্ঞান অর্জন করতে হলে বড় মানুষদের আত্মজীবনী পড়তে হবে। সমাজে যারা ভালো কাজ করে তাদের আমরা ভুলে যাই কিন্তু প্রকৃতি তাদের ভুলেনা। এজন্য শিক্ষার্থীদের উচিত বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী পড়ে জ্ঞান অর্জন করে দেশ গড়ার কাজে शामिल হওয়া। তিনি শিক্ষক ও অভিভাবকদের ছেলে-মেয়েদের মুক্তিযুদ্ধের গল্প শুনানোর আহ্বান জানান। পরে মেয়র সরাইপাড়া সিটি কর্পোরেশন ডিগ্রী কলেজের বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার উদ্বোধন করেন।  
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চসিক শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর মোঃ নুরুল আমিন, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচালন কর্মকর্তা মুহাম্মদ আরুল হাশেম, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, সরাইপাড়া সিটি কর্পোরেশন ডিগ্রী কলেজের প্রিন্সিপাল রওশন আখতার, সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোখলেসুর রহমান, লায়ন এম শওকত আলী, এ বি এম লুতফুল হক খুশী প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮